

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়  
পাংশা, রাজবাড়ী।

স্মারক নং- ১৮৭

তারিখঃ- ২৮/০২/২০২৩

বিষয়ঃ- উপজেলা কৃষি প্রণোদনা বাস্তবায়ন কমিটির সভার কার্যবিবরণী।  
সভাপতিঃ- জনাব মোহাম্মাদ আলী, উপজেলা নির্বাহী অফিসার, পাংশা, রাজবাড়ী।  
স্থানঃ- উপজেলা নির্বাহী অফিসারের অফিস কক্ষ।  
তারিখঃ- ২৮/০২/২০২৩ খ্রিঃ।  
সময়ঃ- ১২.০০ ঘটিকা।

উপস্থিত সদস্যবৃন্দের তালিকা সংশ্লিষ্ট রেজিস্টারে সংরক্ষিত আছে।

০১। সভায় উপস্থিত সদস্যবৃন্দকে স্বাগত ও শুভেচ্ছা জানিয়ে সভাপতি মহোদয় সভার কাজ আরম্ভ করেন। কৃষি মন্ত্রণালয়ের পত্র নং- ১২.০০.০০০০.০২৬.৩৮.০০১.২২.৯০ তারিখঃ- ১৩/০২/২০২৩ খ্রিঃ ও জেলা প্রশাসক, রাজবাড়ী মহোদয়ের স্মারক নং-০৫.৩০.৮২০০.০২৩.১৮.০২.২২/৮৮(ক) তারিখঃ- ১৬/০২/২০২৩ খ্রিঃ মোতাবেক পাংশা উপজেলার অনুকূলে ২০২২-২০২৩ অর্থ বছরে/২০২৩-২০২৩ মৌসুমে আউশ ধান ফসলের আবাদ ও উৎপাদন বৃদ্ধির নিমিত্ত ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকদের মাঝে বিনামূল্যে বীজ ও সার সহায়তা প্রদান প্রণোদনা বাবদ বরাদ্দ পাওয়া গেছে। প্রণোদনা কর্মসূচী সুষ্ঠুভাবে বাস্তবায়নের জন্য আন্তরিকতা ও নিষ্ঠার সাথে দায়িত্ব পালনে সংশ্লিষ্ট সকলের প্রতি আহবান জানান। অদ্যকার সভার আলোচ্যসূচী উপস্থাপনের জন্য সদস্য সচিব ও উপজেলা কৃষি অফিসার, পাংশাকে অনুরোধ করা হয়।

০২। উপজেলা কৃষি অফিসার, পাংশা, রাজবাড়ী জানান যে জেলা প্রশাসক, রাজবাড়ী মহোদয়ের স্মারক নং-০৫.৩০.৮২০০.০২৩.১৮.০২.২২/৮৮(ক) তারিখঃ- ১৬/০২/২০২৩ খ্রিঃ মোতাবেক পাংশা উপজেলার অনুকূলে ২০২২-২০২৩ অর্থ বছরে/২০২৩-২০২৩ মৌসুমে আউশ ধান ফসলের আবাদ ও উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকদের মাঝে বিনামূল্যে বীজ ও সার সহায়তা বিতরণের জন্য ৪,২৯,৩৭৫/- (চারলক্ষ উনত্রিশ হাজার তিনশত পঁচাত্তর) টাকা বরাদ্দ পাওয়া গেছে। এ কর্মসূচির আওতায় আউশ ধান বীজ বিএডিসি এর নিকট হতে ক্রয় করতে হবে।

০৩। কৃষি মন্ত্রণালয়ের সদয় নির্দেশনা ও প্রণোদনা কর্মসূচী বাস্তবায়ন নীতিমালা/পদ্ধতি মোতাবেক বিগত বছরের আবাদ এলাকা এবং ফসল আবাদের উপযোগিতা সার্বিক বিষয়ের উপর বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনা ও পর্যালোচনাক্রমে অত্র সভা কর্তৃক প্রণোদনা কর্মসূচী বাস্তবায়ন নিমিত্তে ইউনিয়নওয়ারী ফসলভিত্তিক কৃষক সংখ্যা/ বিঘা সর্বসম্মতিক্রমে নিম্নোক্তভাবে বিভাজন করা হয়।

ক্রঃ নং	পৌরসভা/ ইউনিয়ন	আউ ধানের বীজ ও সার প্রাপ্ত কৃষক সংখ্যা	মন্তব্য
১	২	৩	৪
০১	পৌরসভা	২০	
০২	হাবাসপুর	১১৫	
০৩	বাহাদুরপুর	১৮০	
০৪	যশাই	৯০	
০৫	বাবুপাড়া	৮০	
০৬	মাছপাড়া	৫০	
০৭	কলিমহর	৫০	
০৮	সরিষা	৩০	
০৯	পাট্টা	২০	
১০	কসবামাজাইল	৬৫	
১১	মৌরট	৫০	
	মোটঃ-	৭৫০	

০৪। আলোচনা ও পর্যালোচনাক্রমে অত্র সভা কর্তৃক কৃষি প্রণোদনা কর্মসূচী বাস্তবায়ন নিমিত্ত আউশ ধান বীজ ক্রয়ের ক্ষেত্রে কর্মসূচী বাস্তবায়ন নীতিমালা ১১নং শর্তাবলী অনুসরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়।


০৫। এ কার্যক্রম বাস্তবায়নে চলমান অন্যান্য পূনর্বাসন কার্যক্রমের সাথে দ্বৈততা যাতে না হয় সে বিষয়টির উপর জোর তাগিদ দিতে হবে। যদি দৈততা থাকে তাহলে উপজেলা কমিটি সেটা বাতিল করতে পারবে।

*[Handwritten Signature]*

১৪। কৃষি পুনর্বাসন এর সমুদয় মালামাল উপজেলা পরিষদ চত্বর থেকে বিতরণ করা হবে। প্রত্যেক কৃষকের কৃষি উপকরণ কার্ড ও ১ এক কপি স্ট্যাম্প সাইজের ছবি সংঙ্গে আনতে হবে। সকল উপকরণ কৃষক নিজে গ্রহণ করবেন। একজনের উপকরণ অন্যজনকে প্রদান করা যাবে না।

০৭। উপজেলা কৃষি অফিসার, পাংশা, রাজবাড়ী সভায় আরো অবহিত করেন যে, একাধিক ফসল একজন কৃষক প্রাপ্য হবে না। প্রত্যেক কৃষক ১ বিঘা জমির জন্য বীজ ও সার সহায়তা পাবেন। রোডম্যাপ অনুযায়ী প্রনোদনা কর্মসূচী সুষ্ঠুভাবে বাস্তবায়নের জন্য অতিসত্বর পৌরসভা ও ইউনিয়ন থেকে কৃষকদের অগ্রাধিকার তালিকা দাখিল করতে হবে এবং বিতরণের পূর্বে কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের সরেজমিন উইং এর মাধ্যমে কৃষি মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।

পরিশেষে আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি মহোদয় সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

  
(মোহাম্মাদ আলী)

উপজেলা নির্বাহী অফিসার  
পাংশা, রাজবাড়ী  
ও  
সভাপতি


উপজেলা কৃষি পুনর্বাসন ও বাস্তবায়ন কমিটি  
পাংশা, রাজবাড়ী।

স্মারকনং-

অনুলিপি সদয় জ্ঞাতার্থে প্রেরণ করা হলো :

- ০১। জেলা প্রশাসক, রাজবাড়ী।
- ০২। উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, রাজবাড়ী।
- ০৩। অফিস নথি।

তারিখ :-

  
২৪.১১.১৩

রতন কুমার ঘোষ  
উপজেলা কৃষি অফিসার  
পাংশা, রাজবাড়ী  
ও

সদস্য সচিব  
উপজেলা কৃষি পুনর্বাসন ও বাস্তবায়ন কমিটি  
পাংশা, রাজবাড়ী।